# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**
**Email. updfcht@gmail.com Website: www.updfcht.com**


***Ref:*** ***Date:*** *২১ জুলাই ২০২৫*

প্রেস বিজ্ঞপ্তি

## উত্তরায় প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ফলে বিপুল প্রাণহানির ঘটনায় ইউপিডিএফ-এর শোক ও সমবেদনা জ্ঞাপন

রাজধানীর উত্তরার মতো একটি ঘনবসতিপূর্ণ এলাকায় বিমান বাহিনীর একটি প্রশিক্ষণ বিমান শিক্ষা প্রতিষ্ঠানে বিধ্বস্ত হয়ে বিপুল প্রাণহানি ও ক্ষয়ক্ষতি হবে, তা মেনে নেয়া যায় না বলে ইউপিডিএফ-এর পক্ষ থেকে মন্তব্য করা হয়েছে। ঘটনায় গভীর শোক, নিহত ও আহত পরিবারের সদস্য ও আত্মীয়স্বজনদের প্রতি ইউপিডিএফ সমবেদনা জানিয়েছে।

আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) কর্তৃক দেওয়া 'বিমান বাহিনীর 'এফ-৭ বিজেআই' মডেলের প্রশিক্ষণ বিমানটি উড্ডয়নের কিছুক্ষণের মধ্যেই নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে যাওয়ার সাথে সাথেই সেখানে আগুন ধরে যায়'--এ বক্তব্য গ্রহণযোগ্য নয় বলে ইউপিডিএফ-এর মুখপাত্র মাইকেল চাকমা মন্তব্য করেছেন। ঘটনার পেছনের কারণ অনুসন্ধান করে তা দেশবাসীকে জানানোর দাবিও করেছে ইউপিডিএফ। আহতদের সুচিকিৎসা ও ক্ষতিগ্রস্তদের যথাযথ সাহায্য দেওয়ার জন্যও ইউপিডিএফ সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

ইউপিডিএফভুক্ত সংগঠনসমূহ নিহতদের প্রতি শোক ও মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের সাথে সংহতি প্রকাশ করে কর্মসূচী পালন করবে বলেও প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

বার্তা প্রেরক

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।